একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।
**www.bteb.gov.bd**

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-০৬৯ তারিখ: ২৫-১০-২০২০ খ্রি.

**বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণির ৩০ (ত্রিশ) কর্মদিবসের শিক্ষার্থীদের মূল্যায়ন সংক্রান্ত।**

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর স্মারক নম্বর: এনসিটিবি/২ই/৪৬৮/৮৯/১৪৯১, তারিখ: ২২/১০/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ মহামারির কারণে দেশের সকল পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। সংগতকারণে শিক্ষাবর্ষের পাঠ্যসূচি পূর্ণাঙ্গরূপে সম্পন্ন করা সম্ভব হয়নি। সেপ্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২০ শিক্ষাবর্ষের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের নবম শ্রেণির জন্য ট্রেড ভিত্তিক প্রণীত পুনর্বিন্যাসকৃত ৩০ কর্মদিবসের পাঠ্যসূচি এবং শিক্ষার্থী মূল্যায়নের জন্য ০৮ সপ্তাহের মূল্যায়ন টুলস তৈরি করেছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রেরিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের নবম শ্রেণির জন্য ট্রেড ভিত্তিক প্রণীত পুনর্বিন্যাসকৃত ৩০ কর্মদিবসের পাঠ্যসূচি এবং শিক্ষার্থী মূল্যায়নের জন্য ০৮ সপ্তাহের মূল্যায়ন টুলস প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ❖ ৩০ কর্মদিবসের পাঠ্যসূচি এই লিংকে পাওয়া যাবে: zpp.pw/syllabus
- ❖ ০৮ সপ্তাহের মূল্যায়ন টুলস এই লিংকে পাওয়া যাবে: zpp.pw/assignment

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর নির্দেশিত গাইডলাইনস এর পাশাপাশি প্রতিষ্ঠান প্রধানগণকে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১. অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) প্রদান/গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান সময়সূচি নির্ধারণ এবং আলাদাভাবে প্রদান/গ্রহণের ব্যবস্থা করবেন। এক্ষেত্রে অনলাইনের সাহায্যে/সামাজিক দূরত্ব বজায় রেখে প্রতিষ্ঠান প্রধান/অভিভাবক নিজস্ব ব্যবস্থাপনায় অ্যাসাইনমেন্ট প্রেরণ ও গ্রহণ করবেন।

২. শিক্ষা প্রতিষ্ঠান অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) ব্যতীত মূল্যায়ন সংক্রান্ত অন্য কোনো কার্যক্রম (যেমন- পরীক্ষা গ্রহণ, বাড়ীর কাজ দেওয়া ইত্যাদি) গ্রহণ করতে পারবেন না।

৩. অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) মূল্যায়নের মাধ্যমে শিক্ষকবৃন্দ শিক্ষার্থীদের দূর্বল দিকগুলো চিহ্নিত করবেন এবং পরবর্তী শিক্ষাবর্ষে সেগুলোর ওপর বিশেষ নজর দিয়ে দিয়ে কাঙ্খিত শিখন ফল অর্জনের যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

**বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

২৫/১০/২০২০

(ড. মোঃ মোরাদ হোসেন মোল্লা)
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক:

১. অধ্যক্ষ
৬৪টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।

২. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক
এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্স চালুকৃত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-০৬৯(০৮)                                   তারিখ: ২৫-১০-২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০২-০৫. পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পত্রখানা ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
০৭. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. সংরক্ষণ নথি।

২৫.১০.২০২০
(মুহঃ আবদুর রাজ্জাক মিঞা)
কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নম্বর: এনসিটিবি/২ই/৪৬৮/৮৯/ ১৪৯১

তারিখ: ২২/১০/২০২০

**বিষয়: নবম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে মূল্যায়ন নির্দেশনা।**

কোভিড ১৯ মহামারির কারণে শিক্ষাপ্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম ১৮/০৩/২০২০ তারিখ থেকে বন্ধ রয়েছে। এতে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যহত হয়েছে। সংগতকারণেই ২০২০ শিক্ষাবর্ষে নির্ধারিত পাঠ্যসূচি পূর্ণাঙ্গভাবে সম্পন্ন করা সম্ভব হয়নি। এ কারণে এ বছরের শিক্ষাক্রম ও পাঠ্যসূচিকে সংক্ষিপ্ত ও সংকোচন করে পুনর্বিন্যাস করা হয়েছে।

শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া অব্যাহত রাখতে টেলিভিশনে ধারাবাহিকভাবে শ্রেণি কার্যক্রম প্রচার করা হয়েছে। শিক্ষকবৃন্দ প্রাতিষ্ঠানিক পর্যায়েও অনলাইন ক্লাস পরিচালনা করেছেন। তাছাড়া ১লা জানুয়ারি থেকে ১৬ই মার্চ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম পরিচালিত হয়েছে। তথাপি শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থীর শিখনফল অর্জন ব্যহত হয়েছে। এমতাবস্থায় শিক্ষার্থী পরবর্তী শ্রেণিতে শিখন অর্জনে যেন অসমর্থ না হয় এবং শিখন-ঘাটতি থাকলেও তা পরবর্তী শ্রেণিতে পূরণ করার সুযোগ পায় সেই বিবেচনা করে পাঠ্যসূচি পুনর্বিন্যাস করা হয়েছে।

শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি ও স্বাস্থ্য নিরাপত্তার কথা বিবেচনা করে সরকার বার্ষিক পরীক্ষা না নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে। শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে বাড়ির কাজ ও অ্যাসাইনমেন্ট নির্ধারণ করা হয়েছে। পাঠ্যসূচি ও মূল্যায়ন টুলস প্রণয়নের ক্ষেত্রে নভেম্বরের প্রথম সপ্তাহ থেকে ডিসেম্বর পর্যন্ত সপ্তাহ বিবেচনায় ৮টি সপ্তাহ পাওয়া যাবে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে কোন সপ্তাহে শিক্ষার্থীর কী মূল্যায়ন করা হবে তা নির্দেশিত আছে। প্রথম সপ্তাহের মূল্যায়ন শেষে শিক্ষার্থীরা ২য় সপ্তাহের প্রস্তুতি নিবে এভাবে পর্যায়ক্রমে ৮ম সপ্তাহ শেষে শিক্ষার্থী মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হবে।

শিক্ষার্থী মূল্যায়ন বাস্তবায়নে নিচের বিষয়গুলো অনুসরণ করা প্রয়োজন-

১. নভেম্বরের প্রথম সপ্তাহ থেকে ডিসেম্বর, ২০২০ খ্রি. পর্যন্ত পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি সম্পন্ন করতে হবে।
২. প্রস্তাবিত মূল্যায়ন নির্দেশনা অনুসরণ করে শিক্ষার্থীকে প্রতি সপ্তাহে প্রত্যেক বিষয়ে একটি করে কাজ দিতে হবে।
৩. প্রতিটি বিষয়ের ৮ সপ্তাহে প্রস্তাবিত ৮টি কাজ সম্পন্ন করতে হবে।
৪. সংশ্লিষ্ট শিক্ষকগণ শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক কাজের মূল্যায়ন করবেন।
৫. প্রতিটি শিক্ষার্থীর এই কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
৬. প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানকে সকল মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ করতে হবে।

২২/১০/২০২০
(প্রফেসর নারায়ন চন্দ্র সাহা)
চেয়ারম্যান, এনসিটিবি
ফোন: ৯৫৬৫৪৩২

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।